

উত্তরায় গুলিতে নর্দান বিশ্ববিদ্যালয়ের ২ শিক্ষার্থী নিহত

উত্তরা প্রতিনিধি

প্রকাশ : ১৮ জুলাই ২০২৪, ১৫:১৩



রাজধানীর উত্তরায় আন্দোলনকারীদের সঙ্গে পুলিশ ও র্যাবের সংঘর্ষ হয়েছে। বৃহস্পতিবার (১৮ জুলাই) বেলা ১১টার দিকে এ সংঘর্ষের ঘটনায় বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী নিহত হয়েছেন।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

×

হয়েছেন। নিহত শিক্ষার্থীদের নাম এখনো জানা যায়নি। সংঘর্ষে আহত হয়েছেন আরও শতাধিক শিক্ষার্থী। যার মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছেন ডাক্তাররা। বিষয়টি নিশ্চিত করেছেন বাংলাদেশ মেডিকেলের চিকিৎসক ডা. রুকনুজ্জামান।



কোটা সংস্কারের দাবির সঙ্গে একমত
পোষণ করেছে সরকার: আইনমন্ত্রী

সংঘর্ষের সময় সাউন্ড গ্রেনেড ও টিয়ারশেল নিক্ষেপ করে পুলিশ ও র‍্যাব। আন্দোলনকারীরা হাউজ বিল্ডিং থেকে রাজলক্ষ্মী মোড় পর্যন্ত সড়কে অবস্থান করছেন। এ ঘটনায় ঢাকা-ময়মনসিংহ সড়কের উত্তরা অংশে যান চলাচল বন্ধ রয়েছে।

এর আগে, বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়, কলেজ ও স্কুলের শিক্ষার্থীরা উত্তরার জমজম টাওয়ারের সামনে জড়ো হন। পরে তারা মিছিল নিয়ে মূল সড়কে উঠতে চাইলে পুলিশ ও র‍্যাব তাদের ছত্রভঙ্গ করার চেষ্টা করে। পরে সংঘর্ষ শুরু হয়।

ইত্তেফাক/এআই

×

2 comments

Sort by **Oldest**

Add a comment...

**Muktijuddher Chetona**

ছিঃ ছিঃ ছিঃ ! কত নিকৃষ্ট আর ধান্দাবাজ সরকার এটা। কোটার সংস্কার চাইছে। সেজন্য সরকার তার পুলিশ আর ছাত্র লীগের গুল্ডা দিয়ে এই তরুণ ছাত্রগুলোকে একের পর এক গুলি করে মেরে ফেলবে? কতখানি ফ্যাসিবাদী , কতখানি স্বৈরতান্ত্রিক হলে পরে এই কাজ করতে পারে ! ভোট চোর হাসিনাকে গদি থেকে এফ্ফনি লাথি মেরে ফেলে দিতে হবে। এটা এখন সময়ের দাবি। এতগুলো ছাত্র ছাত্রীদের প্রাণ কেড়ে নিয়ে ভোট চোর হাসিনার আর কোনো অধিকার নিয়ে আর ক্ষমতায় থাকার।

Like · Reply · 2 · 1w

**Abdus Kazi**

Stop inciting violence and terrorism in the country. This Qota demand issues have been snatched away by the BNP-JAMAT anti liberation mafias, to destabilise a stable peaceful country. With out awaiting verdict from the Highest court of the country, our children, the students have been lured, incited, encouraged and insisted by the enemies of the nation and the country to resort to criminal acts engaging them on the roads, utilising our innocent immatured children of the country. These BNP- JAMAT mafia are solely responsible for the deaths of our children, destructions, sabotages.

Like · Reply · 1w

**Ataul Arif**

এই নৈরাজ্যকর অবস্থা অবিলম্বে বন্ধ হোক, আলোচনায় মাধ্যমেই হোক শান্তিপূর্ণ সমাধান।

Like · Reply · 1w

Facebook Comments Plugin

